

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ntrca.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান নিয়োগে কেন্দ্রীয় পরীক্ষা সংক্রান্ত এনটিআরসিএ-এর প্রেস ব্রিফিং।

দেশের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে স্বাধীনতার পর এই প্রথমবারের মতো প্রতিষ্ঠান প্রধান (প্রধান শিক্ষক ও অধ্যক্ষ) এবং সহকারী প্রধান নিয়োগে কেন্দ্রীয় পরীক্ষাভিত্তিক পদ্ধতি চালু করতে যাচ্ছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।

এই নিয়োগ প্রক্রিয়ার সার্বিক প্রস্তুতি, পরীক্ষা পদ্ধতি এবং ১২ হাজার ৯৫১টি শূন্য পদের নিয়োগ কার্যক্রমের বিস্তারিত তথ্য তুলে ধরতে আগামী ৭ এপ্রিল, মঙ্গলবার এক প্রেস ব্রিফিংয়ের আয়োজন করা হয়েছে।

ব্রিফিংয়ে এনটিআরসিএ-এর চেয়ারম্যান মো: আমিনুল ইসলাম উপস্থিত থেকে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেবেন এবং বিস্তারিত কর্মপরিকল্পনা তুলে ধরবেন।

অনুষ্ঠানের সময়সূচি:

- * তারিখ: ৭ এপ্রিল, ২০২৬ (মঙ্গলবার)
- * সময়: সকাল ১০:০০ ঘটিকা
- * স্থান: চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ।

উক্ত প্রেস ব্রিফিংয়ে আপনার প্রতিষ্ঠানের একজন সাংবাদিক/ক্যামেরাপার্সন পাঠিয়ে সংবাদটি সংগ্রহ ও প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
শিক্ষা মন্ত্রণালয়।